

ঢাকা ওয়াসা

১) বিষয়ঃ বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়ের ব্যবহৃত HP LaserJet Pro M4003dn Printer এবং এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের Sharp AR-5731 Photocopy Machine-এর সার্ভিসিং এবং Sharp MX-M315NV Photocopy Machine-এর Black Toner Cartridge ক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এ বিভাগ হতে ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তর/জোনের চাহিদা অনুযায়ী সফটওয়্যার, হার্ডওয়্যার ও নেটওয়ার্কভিত্তিক সামগ্রী সরবরাহ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়ে থাকে।

বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়ের দাপ্তরিক কার্যক্রমে ব্যবহৃত HP LaserJet Pro M4003dn Printer দীর্ঘদিন ব্যবহারের ফলে মুদ্রণ কাজে বিভিন্ন ধরনের ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। একইভাবে, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টে ব্যবহৃত Sharp AR-5731 Photocopy Machine -এ কারিগরি সমস্যা দেখা দেওয়ায় নিয়মিত দাপ্তরিক কার্যক্রম, প্রয়োজনীয় নথিপত্র মুদ্রণ ও ফটোকপি কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলে উক্ত Printer ও Photocopy Machine সচল ও কার্যক্ষম রাখার লক্ষ্যে প্রয়োজনীয় সার্ভিসিং, পরীক্ষা-নিরীক্ষা এবং ত্রুটিপূর্ণ যন্ত্রাংশ মেরামত/প্রয়োজনে প্রতিস্থাপন করা জরুরি।

এ বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ সার্ভিসিং প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত মেশিনসমূহের প্রয়োজনীয় সার্ভিসিং কার্যক্রম সম্পন্ন করা সমীচীন হবে।

অপরদিকে, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টে ব্যবহৃত Sharp MX-M315NV Photocopy Machine -এর Black Toner Cartridge -এর কালি শেষ হয়ে যাওয়ায় নিয়মিত ফটোকপি কার্যক্রম সচল রাখার জন্য ১ (এক)টি নতুন Black Toner Cartridge ক্রয় করা প্রয়োজন।

২) আলোচ্য ক্রয় এবং প্রয়োজনীয় সার্ভিসিংকার্যটি সম্পাদনের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ (Technical Specification) মোতাবেক ০৩ (তিন)টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে, যা নথিতে সংযুক্ত করা হয়েছে। প্রাপ্ত কোটেশনসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, KAMRUZZAMAN TRADERS কর্তৃক Black Toner Cartridge-এর মূল্য ১২,৫০০/- (বারো হাজার পাঁচশত টাকা), SimpTech কর্তৃক Fuser Roller -এর মূল্য ৭,৮০০/- (সাত হাজার আটশত টাকা) এবং All Solutions in One Umbrella কর্তৃক Transfer Roller-এর মূল্য ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ টাকা) উদ্ধৃত করা হয়েছে।

উক্ত কোটেশনসমূহে প্রাপ্ত দর এবং নির্ধারিত কারিগরি বিনির্দেশ বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সামগ্রীসমূহের প্রাপ্ত দর-এর ভিত্তিতে মোট ২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশতপঞ্চাশ টাকা) এর একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যা নথিতে সংযুক্ত-৪ হিসেবে সংযুক্ত করা হয়েছে।


মোট প্রাক্কলিত ব্যয় = ২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা)মাত্র।

৩) এমতাবস্থায়, বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়ের ব্যবহৃত HP LaserJet Pro M4003dn Printer এবং এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের Sharp AR-5731 Photocopy Machine -এর প্রয়োজনীয় সার্ভিসিং এবং এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের Sharp MX-M315NV Photocopy Machine -এর জন্য ১ (এক)টি Black Toner Cartridge ক্রয়ের লক্ষ্যে PPR-2025-এর বিধি ১০০(১) অনুসরণপূর্বক সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট -এর অনুকূলে নগদ ক্রয় বাবদ ২৩,৫৫০/- (তেইশ হাজার পাঁচশত পঞ্চাশ টাকা) মাত্র ব্যয়ের অনুমোদন প্রদান করা যেতে পারে।


উক্ত ব্যয় এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের “Computer Maintenance” খাত হতে নির্বাহ করা হবে।

এবং বর্ণিত Printer ও Photocopy Machine-এর সার্ভিসিং এবং Toner Cartridge ক্রয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট বিল/ভাউচার ও প্রাপ্তিস্বীকারপত্রসহ হিসাব-নিকাশ যথাযথভাবে সম্পন্ন ও সমন্বয় করা হবে।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


7/08/26

MD. Amin Khan
Asst. Maintenance
Engineer (Hardware)
MIS & Billing



7/08/26



MECH
রাউজগা কুমার ধর
মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার)
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
কম্পিউটার সেক্টর, ঢাকা ওয়াসা।


7/08/26
SSA

প্রদেয়: **সিস্তী সাহা**
সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা


SSA (MIS)


29/06/2025
OMD (HR & Admin) 
এ.কে.এ.এম ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক। মানবসম্পদ ও প্রশাসন।
ঢাকা ওয়াসা।